



নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৪.২০১৮-২৯৩

তারিখ: ২৩ জুলাই ১৪২৭
২৮.০৭.২০২০

আদেশ

যেহেতু, ডাঃ সুরাইয়া বেগম (১১৪০২৭), প্রডাকশন ম্যানেজার, আইভিএফ শাখা, জনস্বাস্থ্য ইনস্টিটিউট, মহাখালী, ঢাকা গত ০২.০২.২০১৪ হতে ২৬.১১.২০১৭ তারিখ পর্যন্ত অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন বিধায় তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর দায়ে ০৩.১০.২০১৮ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৪.২০১৮-৩৪৭ নং স্মারকে বিভাগীয় মামলা বুজু করে কারণ দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা বিভাগীয় মামলার কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার ব্যক্তিগত শুনানি সন্তোষজনক না হওয়ায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত মর্মে মতামত জ্ঞাপন করেন;

যেহেতু, তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে এবং এ জন্য তিনি দণ্ড পাওয়ার যোগ্য;

সেহেতু, ডাঃ সুরাইয়া বেগম (১১৪০২৭), প্রডাকশন ম্যানেজার, আইভিএফ শাখা, জনস্বাস্থ্য ইনস্টিটিউট, মহাখালী, ঢাকা এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুঞ্জলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) ধারা মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় এবং অভিযোগের গুরুত্ব বিবেচনায় উক্ত বিধিমালা ৪(২)(খ) বিধি অনুযায়ী তাঁর বার্ষিক বেতন বৃদ্ধি আগামী ০৩ (তিন) বছরের জন্য স্থগিত করার লঘুদণ্ড আরোপ করা হলো এবং তাঁর বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা হলো। এ সংক্রান্ত অনুপস্থিতিকালীন গত ০২.০২.২০১৪ হতে ২৬.১১.২০১৭ তারিখ পর্যন্ত সময়কে বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে মঞ্জুর করা হল। তিনি ভবিষ্যতে কোন বকেয়া প্রাপ্য সুবিধা দাবি করতে পারবেন না।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৮/৭/২০২০
(মো. আবদুল মান্নান)

সচিব

তারিখ: ২৮.০৭.২০২০

নং-৪৫.১৫০.০২৭.০১.০০.০৭৪.২০১৮-২৯৩/৩ (২২)
অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। পরিচালক (এমআইএস), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (এমআইএস এর কম্পিউটার ও ডাটা শিটে সংরক্ষণ করার জন্য)।
- ৩। পরিচালক, জনস্বাস্থ্য ইনস্টিটিউট, মহাখালী, ঢাকা।
- ৪। উপসচিব (পার-১/২/৩ অধিশাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। [পরবর্তী গেজেটে প্রকাশ ও প্রকাশিত গেজেটের ২০ (বিশ) কপি শুঞ্জলা অধিশাখায় প্রেরণের জন্য অনুরোধ করা হলো।]
- ৭। উপপরিচালক (শুঞ্জলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৮। চিফ অ্যাকাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৯। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ১০। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ১১। ডাঃ সুরাইয়া বেগম (১১৪০২৭), প্রডাকশন ম্যানেজার, আইভিএফ শাখা, জনস্বাস্থ্য ইনস্টিটিউট, মহাখালী, ঢাকা।
- ১২। অফিস কপি।

২৮.০৭.২০২০
(মোঃ শাহাদত হোসেন কবির)

সিনিয়র সহকারী সচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

disc@hds.gov.bd